দৈনিক ইত্তেফাক

তারিখ 21 APR 2008
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# ৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে আগ্রহ প্রকাশ পত্র আহ্বান

সাতটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগের জন্য মনোনয়ন বা আগ্রহ প্রকাশ পত্র আহ্বান করা হয়েছে। পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ নিয়োগের লক্ষ্যে গঠিত সার্চ কমিটির সদস্য সচিব এ আহ্বান জানান। সরকারি এক তথ্য বিবরণীতে এ খবর জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয়—সাতটি হলো জাতীয় বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। উপাচার্য পদের জন্য আগামী ৩ সপ্তাহের মধ্যে নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ করে মনোনয়ন বা আগ্রহ প্রকাশপত্র পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ সদস্য সচিব, সার্চ কমিটি ও যুগ্ম সচিব, শিক্ষা মন্ত্রণালয়, কক্ষ নং ১৭১৮, ভবন নং- ৬ বাংলাদেশ সচিবালয় এই ঠিকানায় পাঠাতে হবে। এছাড়া www.moedu.gov.bd এ ওয়েবসাইটেও আগ্রহ প্রকাশপত্র জমা দেয়া যাবে।